যুগান্তর

APR. 27 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩৩ কলাম ৬

# রাবিতে ভুয়া সেনা অফিসার আটক

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংলগ্ন মেহেরচণ্ডির একটি ছাত্রাবাস থেকে মোহিবুর রহমান নামে এক ভুয়া সেনা অফিসারকে গ্রেফতার করা হয়েছে। শনিবার রাত ৮টার দিকে মতিহার থানা পুলিশ এবং গোয়েন্দা সংস্থার লোকজন তাকে আটক করে। সে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্রের কাছ থেকে সেনাবাহিনীতে চাকরি দেয়ার নাম করে লক্ষাধিক টাকা আত্মসাৎ করেছে।

মোহিবুর বেশ কিছুদিন আগে মেহেরচণ্ডির এমআর মেসের একটি সিটে ওঠে। সে নিজেকে সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্নেল বলে পরিচয় দেয়। মেসে অবস্থানরত বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মিঠুকে সেনাবাহিনীর অফিসার পদে চাকরি দেয়ার নাম করে সে প্রথমে ৪০ হাজার টাকা নেয়। পরে অন্য ছাত্রদের কাছ থেকেও প্রায় ৫০ হাজার টাকা নেয়। দীর্ঘদিন চাকরি না হওয়ায় তাকে নিয়ে ছাত্রদের সন্দেহ হয়। ছাত্ররা রাজশাহী ক্যান্টনমেন্টে খবর দেয়। এ পরিচয়ে রাজশাহীর কোন সেনা অফিসার না থাকায় বিষয়টি পুলিশকে জানানো হয়। পুলিশ মোহিবুরের কাছ থেকে সেনাবাহিনীর ভুয়া পরিচয়পত্র এবং একটি ক্রেস্ট ও পোশাক উদ্ধার করেছে।